দৈনিক ইত্তেফাক

70

তারিখ ... ... ... NOV. 03 1999
পৃঃ 8 কলাম 6

# ষষ্ঠ শ্রেণীর ইংরেজী বইতে একটি মারাত্মক ভুল

ষষ্ঠ শ্রেণীর ইংরেজী টেক্সট বইতে (পৃষ্ঠা ৫৩, ইউনিট ৪, লেস্‌ন ৮) একটি মারাত্মক ভুল লক্ষণীয়। 'তোমরা কখন ঘুমাও'-এর ইংরেজী বলা হইয়াছে 'When do you sleep'? আসলে প্রশ্নটাই ভুল আর প্রশ্ন ভুল হইলে উহার যথাযথ উত্তর কখনই দেওয়া সম্ভব নয়। পৃথিবীতে কোন মানুষের পক্ষে বলা সম্ভব নয়, সে কখন ঘুমায়। বরং বলা যায়, সে কখন শুইতে যায় অর্থাৎ বিছানায় যায়। এই জন্য 'তোমরা কখন ঘুমাও?'-এর ইংরেজী 'When do you go to bed?' কিন্তু, 'When do you sleep'? কখনই নয়। মানুষ বিছানায় শোওয়ার সাথে সাথে ঘুমায় না। সারাদিনের কর্মকান্ডের কিছু কিছু মনের মধ্যে উঁকি দেয়, তাহার পর একসময় তন্দ্রালুভাব আসে, শরীর অবশ হইয়া পড়ে এবং একসময় ঘুমাইয়া পড়ে। যখন সে ঘুমাইয়া পড়ে, তখন কিন্তু ঘড়ি দেখার মত অবস্থায় সে থাকে না। সুতরাং কাহারও পক্ষে বলা সম্ভব নয়, সে কখন ঘুমায়। অতএব 'When do you sleep' প্রশ্নটাই ভুল। সঠিক প্রশ্ন হইল 'When do you go to bed?'

আব্দুল মোমেন,
৫৬, শান্তিবাগ, ঢাকা।